# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১২০৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. দ্বিতীয় অনুচ্ছেদ - রাতের সালাত

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَتْ قِرَاءَةُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى قَدْرِ مَا يَسْمَعُهُ مَنْ فِي الْحُجْرَةِ وَهُوَ فِي الْبَيْتِ. رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

১২০৩-[১৬] ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, স্বীয় বাড়ীতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন আওয়াজে (সালাতে) ক্বিরাআত (কিরআত) পাঠ করতেন যে, কামরার লোকেরা তা শুনতে পেত। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] হাসান সহীহ : আবূ দাঊদ ১৩২৭, শামায়িল ৩১৪, আহমাদ ২৪৪৬, সুনান আল কুবরা লিল বায়হাক্বী ৪৬৯৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (عَلى قَدْرِ مَا يَسْمَعُه مَنْ فِي الْحُجْرَةِ) নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের সালাত (সালাত/নামায/নামাজ) এতটুকু আওয়াজ করতেন যে, যারা কক্ষে থাকতো তারা তা শুনতে পেতো। অর্থাৎ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর রাতের সালাতের ক্বিরাআত (কিরআত) খুব বেশি উঁচু স্বরেও ছিল না এবং একেবারে নীরবও ছিল না বরং এতটুকু আওয়াজ করে তা পাঠ করতেন যে, যারা ঘরে অবস্থান করতো তারা তা শুনতে পেত। তবে এ আওয়াজ ঘরের বাইরে থেকে শুনা যেতো না। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ অবস্থা ছিল রাতে ঘরে সালাত আদায়কালীন সময়ে। আর যখন তিনি মসজিদে সালাত আদায় করতেন তখন উঁচু আওয়াজেই তা আদায় করতেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55763

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন